
২৫ আগস্ট, ২০২৫

# যাত্রাবাড়ী হত্যা মামলায় গ্রেফতার তৌহিদ আফ্রিদি, আদালতে ৫ দিনের রিমান্ড মঞ্জুর



সংগৃহীত ছবি

বৈষম্যবিরোধী আন্দোলন ঘিরে যাত্রাবাড়ীতে সংঘটিত আসাদুল হক বাবু হত্যা মামলায় কনটেন্ট ক্রিয়েটর তৌহিদ আফ্রিদিকে ৫ দিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত।

যাত্রাবাড়ীতে বৈষম্যবিরোধী আন্দোলনের সময় আসাদুল হক বাবু হত্যার ঘটনায় দায়ের করা মামলায় কনটেন্ট ক্রিয়েটর তৌহিদ আফ্রিদির ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

সোমবার (২৫ আগস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সারাহ ফরাজানা হক এ রিমান্ডের আদেশ দেন।

দুপুরে সিআইডির একটি টিম আফ্রিদিকে আদালতে হাজির করে। তদন্ত কর্মকর্তা পুলিশ পরিদর্শক খান মো. এরফান ৭ দিনের রিমান্ড আবেদন করেন। শুনানিতে রাষ্ট্রপক্ষ সর্বোচ্চ রিমান্ড দাবি করে, আর আসামিপক্ষ রিমান্ড বাতিল ও জামিনের আবেদন জানায়। উভয়পক্ষের যুক্তিতর্ক শেষে আদালত ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

গত রোববার রাতে বরিশাল থেকে সিআইডির হাতে গ্রেফতার হন তৌহিদ আফ্রিদি। তাকে ঢাকায় আনার আগে ১৭ আগস্ট রাজধানীর গুলশান থেকে তার বাবা নাসির উদ্দিনকে গ্রেফতার করা হয়। ওই মামলায় তাকেও ৫ দিনের রিমান্ডে পাঠানো হয়েছিল।

LENS ASIA

মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৫ আগস্ট যাত্রাবাড়ীতে বৈষম্যবিরোধী আন্দোলনে যোগ দেন মো. আসাদুল হক বাবু। বেলা আড়াইটার দিকে আন্দোলন চলাকালে গুলিবিদ্ধ হয়ে তিনি নিহত হন। পরে নিহতের বাবা জয়নাল আবেদীন ওই বছরের ৩০ আগস্ট যাত্রাবাড়ী থানায় হত্যা মামলা দায়ের করেন।

সে মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৫ জনকে আসামি করা হয়। সেখানে নাসির উদ্দিনকে ২২তম এবং তার ছেলে তৌহিদ আফ্রিদিকে ১১তম আসামি হিসেবে নাম উল্লেখ করা হয়।